52

দৈনিক ইত্তেফাক

তারিখ ৩০ DEC 1997
পৃষ্ঠা ৪ কলাম ৭

## প্রসঙ্গঃ জাতীয় বিশ্বব্যালয়ের সিলেবাস

আমরা ১৯৯৩-৯৪ সেশনের সম্মান শ্রেণী (বাংলা)-র ছাত্র-ছাত্রী। জাতীয় বিশ্ববিদ্যালয় প্রণীত আমাদের সিলেবাস বইতে মান বন্টন করা হয় নাই। শিক্ষকগণও প্রশ্ন সম্পর্কে আমাদের কোন ধারণা দিতে পারিতেছেন না। কারণ জাতীয় বিশ্ববিদ্যালয় হইতে সে সম্পর্কে তাঁহারা অবগত হন নাই। এব্যাপারে আমরা কয়েকজন জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডীন-এর সহিত দেখা করিলে তিনিও যুক্তিসঙ্গত কোন সমাধান না দিয়া আমাদের হতাশ করিয়াছেন। অর্থাৎ এই অসুবিধা নিয়াই অনার্স পার্ট ৩ এর পরীক্ষা আমাদের দিতে হইবে। তাহার উপর এইবার বাংলার সিলেবাস অন্যান্য সকলবারের তুলনায় দ্বিগুণ করা হইয়াছে। অষ্টম পত্রে অন্তর্ভুক্ত করা হইয়াছে পালি প্রাকৃত ও সংস্কৃত। অথচ ঢাকা শহরের নামকরা কলেজগুলিতে এই বিষয়ের কোন শিক্ষক নাই। আর মফস্বলে তো দূরের কথা। এমনকি এই বিষয়ের উপর সিলেবাস অনুযায়ী কোন বই বাংলাদেশে পাওয়া যায় না। প্রশ্ন হইতেছে, পার্ট পদ্ধতির প্রথম ব্যাচ বলিয়াই কি কর্তৃপক্ষ যত পরীক্ষা-নিরীক্ষা আমাদের উপর চালাইবার প্রয়াস নিয়াছেন? আর তাহার দুর্ভোগ পোহাইতেছি আমরা।

—শারমিন সুলতানা কমু, বেগম বদরুন্নেছা কলেজ, ঢাকা।